

## ৫০তম জাতীয় সমবায় দিবসের প্রতিবেদন

০৬ নভেম্বর/২০২১ তারিখে জাতীয় সমবায় দিবস যথাযোগ্য মর্যাদায় চন্দনাইশ উপজেলায় সমবায় দিবস উদযাপিত হয়।

সকাল ১০টায় উপস্থিত বীর মুক্তিযোদ্ধা জনাব আলহাজ্ব নজরুল ইসলাম চৌধুরী, মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৯১, চট্টগ্রাম -১৪, প্রধান অতিথি, জনাব সাদিয়া ইসলাম, উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়ের নেতৃত্বে উপজেলা পরিষদ গেইট হতে চন্দনাইশ উপজেলার শহীদ মিনার পর্যন্ত সমবায়ীদের নিয়ে বর্ণাঢ্য র্যালি করেন। এখানে ৩০টি সমিতির সদস্য ৩০০ জন উপস্থিত ছিলেন।

সকাল ১০.২০ মিনিটে বীর মুক্তিযোদ্ধা জনাব আলহাজ্ব নজরুল ইসলাম চৌধুরী, মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৯১, চট্টগ্রাম -১৪ মহোদয় কাশেম মাহাবুব উচ্চ বিদ্যালয়ের মাঠে জাতীয় পতাকা এবং জনাব সাদিয়া ইসলাম, উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়ের কর্তৃক সমবায়ীদের নিয়ে জাতীয় সংগীতের মাধ্যমে সমবায় পতাকা উত্তোলন করেন।

কাশেম মাহাবুব উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত সভায় আগত অতিথি বৃন্দের আসন গ্রহন করেন। পবিত্র ধর্মীয় গ্রন্থ পাঠ শেষে স্বাগত বক্তব্য রাখেন জনাব আবু মুহাম্মদ হাবিব উল্লাহ, উপজেলা সমবায় অফিসার, চন্দনাইশ, চট্টগ্রাম।

চট্টগ্রাম -১৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আলহাজ্ব নজরুল ইসলাম চৌধুরী প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন সমবায়ের মাধ্যমে কৃষিতে উন্নয়ন বিপ্লব সম্ভব। কৃষি ক্ষেত্রে সমবায়ের ভূমিকা রাখতে পারলে বঙ্গবন্ধুর সুজলা সুফলা, শস্যের শ্যামলা সোনার বাংলা গঠন করা সম্ভব। বঙ্গবন্ধুর স্বপ্ন সমাজতান্ত্রিক ব্যবস্থার মাধ্যমে দেশকে স্বনির্ভর করে তোলা। তিনি আরো বলেন বর্তমানে বঙ্গবন্ধুর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রূপকল্প ২০২১সালের মধ্যে মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছে। ২০৪১ সালে উন্নত সমৃদ্ধ অসম্প্রদায়িক দেশ গঠনে কাজ করে যাচ্ছে। তার জন্য জনগণকে সমবায়ের মাধ্যমে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার আহ্বান জানান।

বিশেষ অতিথি হিসাবে থানা অফিসার ইনচার্জ নাসির উদ্দিন সরকার বক্তব্য রাখেন।

আলোচনায় অংশ নেন সমবায়ী জনাব বসুপ্রিয় তালুকদার, সভাপতি, জ্যোতি মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি., জনাব সরদার ইউসুফ আলী বাবুল, সভাপতি, মার্টিন মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি., জনাব আশীষ কুমার বড়ুয়া, সুপ্রীম মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লি.।

আলোচনা শেষে চন্দনাইশ উপজেলার শ্রেষ্ঠ সমবায়ী এবং শ্রেষ্ঠ সমবায় সমিতিকে ক্রেস্ট প্রদান করেন।

জনাব সাদিয়া ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, চন্দনাইশ, চট্টগ্রাম উপস্থিত সকলকে ৫০তম জাতীয় সমবায় দিবসের শুভেচ্ছা ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্ত: সমবায় দিবসের ছবি

আবু মুহাম্মদ হাবিব উল্লাহ  
উপজেলা সমবায় অফিসার  
চন্দনাইশ, চট্টগ্রাম।